

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
প্রশাসন-২ শাখা  
www.erd.gov.bd



স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১৮.০৪৬.০৯ - ৭৩৫

তারিখ: ১০ কার্তিক ১৪২৯ ব.  
২৬ অক্টোবর ২০২২ খ্রি.

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়: অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ মাহবুবুল আলম-এর আনুতোষিক ও মাসিক পেনশন প্রদানের মঞ্জুরি আদেশ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ মাহবুবুল আলম গত ৩১/০৭/২০২২ তারিখে পূর্ণ অবসরে গমন করেন। তিনি পেনশন ফরম ২.১ যথাযথভাবে পূরণ করে তাঁর প্রাপ্য আনুতোষিক ও মাসিক পেনশনের জন্য আবেদন করেন। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক জারিকৃত ই.এল.পি.সি অনুসারে দেখা যায় (পেনশন গণনার ক্ষেত্রে) তাঁর মূল বেতন ৩৭,৫১০/- (সাইত্রিশ হাজার পাঁচশত দশ) টাকা। সে হিসেবে তাঁর মূলবেতন ৩৭,৫১০/-টাকার ৯০% = ৩৩,৭৫৯/-টাকা ÷ ২ = ১৬,৮৭৯.৫০ × ২৩০ = ৩৮,৮২,২৮৫/- (আটত্রিশ লক্ষ বিরাশি হাজার দুইশত পঁচাশি) টাকা আনুতোষিক এবং মাসিক পেনশন বাবদ = ১৬,৮৭৯.৫০/- (ষোলো হাজার আটশত উনআশি টাকা এবং পঞ্চাশ পঁয়সা) টাকা প্রাপ্য হবেন।

২। এমতাবস্থায় ই.এল.পি.সি'র হিসাব অনুযায়ী জনাব মোঃ মাহবুবুল আলম-এর নিকট সরকারের কোন পাওনা না থাকায় তাঁর অনুকূলে সর্বমোট = ৩৮,৮২,২৮৫/- (আটত্রিশ লক্ষ বিরাশি হাজার দুইশত পঁচাশি) টাকা আনুতোষিক এবং মাসিক পেনশন বাবদ = ১৬,৮৭৯.৫০/- (ষোলো হাজার আটশত উনআশি টাকা এবং পঞ্চাশ পঁয়সা) টাকা প্রদানের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

- সংযুক্তি: (১) পূরণকৃত পেনশন ফরম ২.১ এর ২ সেট;  
(২) চাকরির বই ১ টি;  
(৩) অবসর ও পিআরএল-এ গমনের মঞ্জুরিপত্র;  
(৪) প্রত্যাশিত শেষ বেতনপত্র (ইএলপি.সি);  
(৫) সত্যায়িত ছবি ৩ কপি;  
(৬) জাতীয় পরিচয়পত্র;  
(৭) প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণাপত্র (সংযোজনী-২);  
(৮) নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ (সংযোজনী-৬);  
(৯) না-দাবী প্রত্যয়নপত্র (সংযোজনী-৮)।

(আইনুর আক্তার পান্না)  
উপসচিব

ফোন: ০২-৪৮১১২০৫১

তারিখ: ১০ কার্তিক ১৪২৯ ব.  
২৬ অক্টোবর ২০২২ খ্রি.

স্মারক নং-০৯.০০.০০০০.০৭৩.১৮.০৪৬.০৯ - ৭৩৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। উপসচিব, বাজেট ব্যবস্থাপনা অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ২। সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৪। নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, হিসাবভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশাসন ও মধ্যপ্রাচ্য)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৬। যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৭। জনাব মোঃ মাহবুবুল আলম, প্রশাসনিক কর্মকর্তা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, ঢাকা।
- ৮। ব্যক্তিগত নথি।

(আইনুর আক্তার পান্না)  
উপসচিব

AP1  
26.10.2022